



চীনের অর্থনৈতিক করিডোর প্রস্তাবে ইতিবাচক সরকার: হুমায়ুন কবির



পররাষ্ট্র উপদেষ্টা হুমায়ুন কবির। ছবি: সংগৃহীত

চীনের প্রস্তাবিত অর্থনৈতিক করিডোর বাস্তবায়নের সম্ভাবনা সরকার গুরুত্বের সঙ্গে পর্যালোচনা করছে বলে জানিয়েছেন প্রধানমন্ত্রীর পররাষ্ট্রবিষয়ক উপদেষ্টা হুমায়ুন কবির। তিনি বলেন, কক্সবাজারকে যুক্ত করে মিয়ানমার হয়ে চীন পর্যন্ত যোগাযোগ ব্যবস্থা গড়ে তোলার প্রস্তাব নিয়ে সংশ্লিষ্ট পর্যায়ে কাজ চলছে। তবে জাতীয় স্বার্থের সঙ্গে সাংঘর্ষিক কোনো সিদ্ধান্ত নেওয়া হবে না।

শনিবার (৪ জুলাই) কক্সবাজারে দক্ষিণ এশিয়ান একাডেমি ফর ইন্টারন্যাশনাল লিডারশিপের তিন দিনব্যাপী কর্মসূচির উদ্বোধনের পর সাংবাদিকদের সঙ্গে মতবিনিময়কালে তিনি এ কথা বলেন।

রোহিঙ্গা সংকট প্রসঙ্গে হুমায়ুন কবির বলেন, তাদের প্রত্যাবাসন নিশ্চিত করতে বাংলাদেশ কূটনৈতিক তৎপরতা অব্যাহত রেখেছে। মিয়ানমারের সঙ্গে সরাসরি যোগাযোগের পাশাপাশি চীনসহ প্রভাবশালী কয়েকটি দেশের সহযোগিতায় বহুপক্ষীয় আলোচনা এগিয়ে নেওয়া হচ্ছে।

তিনি বলেন, সরকারের লক্ষ্য একটাই—রোহিঙ্গাদের এমন পরিবেশে নিজ দেশে ফিরিয়ে দেওয়া, যেখানে তাদের নিরাপত্তা, মর্যাদা এবং স্থায়ী পুনর্বাসনের নিশ্চয়তা থাকবে।

অনুষ্ঠানে বাংলাদেশসহ দক্ষিণ এশিয়ার বিভিন্ন দেশ থেকে আসা জেসিআই সদস্য, তরুণ নেতৃত্ব, আন্তর্জাতিক প্রতিনিধি এবং আমন্ত্রিত অতিথিরা অংশ নেন। তিন দিনব্যাপী এই আয়োজনের মাধ্যমে আঞ্চলিক নেতৃত্ব, সহযোগিতা ও আন্তর্জাতিক সম্পর্ক নিয়ে বিভিন্ন অধিবেশন অনুষ্ঠিত হবে।